জনবল সংকটে সঠিক ভাবে সেবা দিতে পারছিনা রাণীশংকৈলে আইনশৃংখলা কমিটির সভায় ওসি

মোঃ মোবারক আলী- ঠাকুরগাঁওয়ের রাণীশংকৈল উপজেলা কনফারেন্স রুমে ১১ জুলাই বৃহস্পতিবার মাসিক আইনশৃংখলা কমিটির সভা অনূণ্ঠিত হয়।
সভায় উপজেলা নির্বাহি কর্মকর্তা রকিবুল হাসানের সভাপতিত্বে বক্তব্য রাখেন কমিটির উপদেষ্ঠা উপজেলা চেয়ারম্যান আহাম্মদ হোসেন বিপ্লব, ভাইসচেয়ারম্যান সোহেল রানা,শারমিন আকতার, স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা ডাঃ আব্দুস সামাদ চৌধুরী, এসময় থানা অফিসার ইনর্চাজ জয়ন্ত কুমার সাহা বিভিন্ন প্রশ্নে জবাব দিতে গিয়ে বলেন,জেলা পুলিশ সুপার মহোদয়ের নির্দেশনাক্রমে মাদক বিরোধী অভিযান অব্যাহত রয়েছে, থানায় ৪৫জন পুলিশ সদস্য রয়েছে। জনবল সংকটের কারণে আমরা জনগনকে সঠিকভাবে সেবা দিতে পারছিনা। আরো বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান জিতেন্দ্রনার্থ বর্ম্মন, আবুল হোসেন, আবুল কাশেম, প্রেসক্লাব সভাপতি মোবারক আলী, জাতীয়পাটির যুগ্ন আহবায়ক আবু তাহের,পৌরসভার প্রতিনিধি কাউন্সিলর ইসাহাক আলী,সাংবাদিক সফিকুলইসলাম শিল্পী,মহিলা আ’লীগ সম্পাদক ফরিদা ইয়াসমিন প্রমুখ।
উল্লেখ্য, জুলাই মাসের মাসিক আইনশৃংখলা কমিটির সভায় পাটগাঁও গ্রামে গরু চুরি, আলম ব্যাটারির দোকানে দিনে দুপুরে ২০ লক্ষ টাকা চুরি, ভরনিয়া মাদ্রসায় ছাত্রীর ধর্ষনের চেষ্ঠা, মাদকসেবিদের বিরুদ্ধে পুলিশের টহল জোরদার বিষয়ে বিষদ আলোচনা করা হয়।